# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

## স্নাতক শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

### শিক্ষাবর্ষ ঃ ২০১৮-১৯

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের নিম্নবর্ণিত বিভাগসমূহে স্নাতক কোর্সে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে। 'A' লেভেল পাশ এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশকৃত প্রার্থী ব্যতীত অন্যান্যদের আবেদন অনলাইন-এর মাধ্যমে গ্রহণ করা হবে। যে সকল ছাত্র-ছাত্রী শুধুমাত্র ২০১৮ সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ করেছে অথবা ২০১৭ সালের সেপ্টেম্বরের পরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে, ভর্তি নির্দেশিকার অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে তারাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

১। অনুষদভিত্তিক বিভিন্ন বিভাগ/বিষয়ের নাম, কোড ও আসন বিভাজন ঃ

| ক্রমিক নং | অনুষদ/বিভাগ | কোড | আসন |
|---|---|---|---|
| | **Faculty of Civil Engineering** | | |
| ১ | Civil Engineering | CE | ১৩০ |
| ২ | Water Resources Engineering | WRE | ৩০ |
| | **Faculty of Mechanical Engineering** | | |
| ৩ | Mechanical Engineering | ME | ১৮০ |
| ৪ | Petroleum and Mining Engineering | PME | ৩০ |
| ৫ | Mechatronics and Industrial Engineering | MIE | ৩০ |
| | **Faculty of Electrical and Computer Engineering** | | |
| ৬ | Computer Science and Engineering | CSE | ১৩০ |
| ৭ | Electrical and Electronic Engineering | EEE | ১৮০ |
| ৮ | Electronics and Telecommunication Engineering | ETE | ৬০ |
| | **Faculty of Architecture and Planning** | | |
| ৯ | Urban and Regional Planning | URP | ৩০ |
| ১০ | Architecture | ARCH | ৩০ |

সর্বমোট ৮৩০টি আসন। এ ছাড়াও রাখাইন সম্প্রদায়ের জন্য ০১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার উপজাতীয়দের জন্য ১০টি সহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে। ভর্তির জন্য অন্য কোন ধরনের আসন সংরক্ষিত নেই।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০১৮ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৭ইং সালের সেপ্টেম্বরের পরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে ২০১৫ অথবা ২০১৬ সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫০ ও ইংরেজি বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.০০ পেয়ে পাশ করতে হবে এবং গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজীতে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৭.৫০ পেতে হবে। ইংরেজী মাধ্যম/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A', লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজীসহ কমপক্ষে পাঁচটি বিষয়ে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে 'B' গ্রেড পেয়ে পাশ হতে হবে।

৩। অনলাইনে ভর্তির আবেদন সংক্রান্ত ঃ

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি রকেট/বিকাশ/শিওর ক্যাশ এর মাধ্যমে প্রদান করতে হবে। কোন ছাপানো ফরম বিক্রয় করা হবে না।

সকল আবেদনকারীর মধ্য থেকে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে প্রথম ১০০০০ (দশ হাজার) জনকে ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত ঘোষণা করা হবে। তবে, ১০০০০তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি বিষয়ের HSC তে প্রাপ্ত গ্রেড পয়েন্টের ভিত্তিতে ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই গ্রেড পয়েন্ট প্রাপ্ত ১০০০০তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

আবেদন ফি গ্রুপ-KA (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) এর জন্য ৯০০/-(নয়শত) টাকা (সার্ভিস চার্জ বাদে) এবং গ্রুপ-KHA (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) এর জন্য ১,০০০/- (এক হাজার) টাকা (সার্ভিস চার্জ বাদে)।

দ্রষ্টব্য ঃ

অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সর্তকতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।

(I) নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।

(II) একবার অনলাইন পদ্ধতিতে আবেদন করলে কোন ধরনের পরিবর্তন কিংবা তা প্রত্যাহার করা যাবে না এবং পরিবর্তন বা প্রত্যাহারের জন্য কোন টাকা ফেরৎ দেয়া হবে না।

(III) আবেদন ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে রকেট এর **Call Center-১৬২১৬**, বিকাশ **Help Line-১৬২৪৭** এবং শিওর ক্যাশ **Hotline-০৯৬-০৯২২৪৪৮৮** নম্বরে সার্বক্ষণিক যোগাযোগ করা যেতে পারে।

(IV) আবেদনে ব্যবহৃত রঙিন ছবির এক কপি (সত্যায়িত) ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে নিয়ে আসতে হবে।

(V) প্রবেশপত্র ছাড়া কাউকেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

(VI) অনলাইনে আবেদন সংক্রান্ত যোগাযোগের জন্য মোবাইল নম্বর-01759123148 এবং ভর্তি সংক্রান্ত সাধারণ যোগাযোগের জন্য মোবাইল নম্বর-০১৭৫৯১২৩১০৩ এ অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।

৪। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা এবং GCE 'O'/ 'A' লেভেল পাশ করা ছাত্র-ছাত্রীরা অনলাইন এর মাধ্যমে আবেদন করতে পারবে না। তারা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://student.cuet.ac.bd/admission2018** অথবা **http://www.cuet.ac.bd/admission** থেকে আবেদন ফরম ডাউনলোড করে নির্ধারিত ফি সভাপতি, ভর্তি কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড, সিইউইটি শাখা, চট্টগ্রাম এর অনুকূলে ডিমান্ড ড্রাফ্ট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রেজিস্ট্রার, চুয়েট, চট্টগ্রাম-৪৩৪৯ ঠিকানায় জমা দিবে।

৫। ভর্তি নির্দেশিকাঃ সকল পরীক্ষার্থী চুয়েট ওয়েবসাইট **http://student.cuet.ac.bd/admission2018** অথবা **http://www.cuet.ac.bd/admission** হতে ভর্তি নির্দেশিকা ২০১৮-১৯ ডাউনলোড করে নিতে পারবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে উপরে উল্লিখিত মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬। ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচীঃ

| | |
|---|---|
| ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু | ২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ |
| খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ | ০৭ অক্টোবর ২০১৮ খ্রিঃ বিকাল ৪:৩০টা পর্যন্ত |
| গ) 'A' লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ করার সময় | ২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ হতে ০৭ অক্টোবর ২০১৮ খ্রিঃ প্রতি কার্যদিবসে সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:৩০টা পর্যন্ত |
| ঘ) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | ০৭ অক্টোবর ২০১৮ খ্রিঃ বিকাল ৪:৩০টা পর্যন্ত |
| ঙ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোলসহ নামের তালিকা প্রকাশ | ১৮ অক্টোবর ২০১৮ খ্রিঃ |
| চ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়<br>(শুধুমাত্র লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে) | ০২ নভেম্বর ২০১৮ খ্রিঃ শুক্রবার সকাল ১০:০০ টা থেকে বেলা ১:০০ টা মোট ৩ ঘন্টা এবং<br>মুক্তহস্ত অংকন একই দিন বিকাল ২:৩০ টা থেকে ৪:৩০টা; মোট ২ ঘন্টা। |
| ছ) মেধানুযায়ী ভর্তির জন্য নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ১৭ নভেম্বর ২০১৮ খ্রিঃ |

জ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট **http://student.cuet.ac.bd/admission2018** অথবা **http://www.cuet.ac.bd/admission** মারফত জানানো হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।

ভর্তি কমিটির অনুমোদনক্রমে

(অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও সচিব,
ভর্তি কমিটি, শিক্ষাবর্ষঃ ২০১৮-১৯
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
তারিখ ঃ১৮/০৯/২০১৮খ্রিঃ।

স্মারক নং-চুয়েট/একা-১১/পার্ট-১৮/৪০৮(০৭)
সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ

০১। সকল ডীন, চুয়েট।
০২। সকল বিভাগীয় প্রধান, চুয়েট।
০৩। রেজিস্ট্রার, বুয়েট, ডুয়েট, রুয়েট, কুয়েট।
০৪। পরিচালক, আইআইসিটি, চুয়েট। ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
০৫। জনসংযোগ কর্মকর্তা, চুয়েট। বহুল প্রচারিত স্থানীয় ও জাতীয় দৈনিকে প্রচারের অনুরোধ সহকারে।
০৬। পি. এস. টু ভিসি, চুয়েট। ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
০৭। সংরক্ষণ নথি।

(অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও সচিব,
ভর্তি কমিটি, শিক্ষাবর্ষঃ ২০১৮-১৯
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
তারিখ ঃ১৮/০৯/২০১৮খ্রিঃ।